ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

www.wewb.gov.bd

বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার (BWEC)

স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউরস (এসওপি)
(ব্যবহার নির্দেশিকা)

SOP BWEC

সরাসরি যোগাযোগ- ০১৩১০৩৫০৫৫৫, ০১৭৫৪৭১৫৭২০

প্রবাসবন্ধু কল সেন্টার (টোল ফ্রি ১৬১৩৫), (টোল ফ্রি ০৮০০০১০২০৩০) দেশে ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, বিদেশ থেকে ০৯৬১০১০২০৩০)

বঙ্গাবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার

লঞ্জনীপাড়া, বরুয়া, ৪৮ নং ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,থানা-খিলক্ষেত, ঢাকা-১২১৩।

১.০ ভূমিকা:

পটভূমি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে বিদেশগামী ও প্রবাস ফেরত কর্মীদের কল্যাণে ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সন্নিকটে শতভাগ নিরাপদ ও মনোরম পরিবেশে "বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার" (BWEC) স্থাপন করা হয়েছে। এ সেন্টারের মাধ্যমে প্রবাসী কর্মীগণ ন্যূনতম খরচে বিদেশে যাওয়ার সময় অথবা বিদেশ হতে দেশে ফেরার সময়ে সাময়িকভাবে অবস্থান করতে পারবেন। এই অবস্থানকালে তাঁদের জন্য সাশ্রয়ী মূল্যে খাবারের ব্যবস্থা আছে। এছাড়াও এখানে প্রবাসী কর্মীদের রিইন্টিগ্রেশন (পুনঃএকত্রীকরণ) এবং অন্যান্য সুযোগ-সুবিধা বা করণীয় সম্পর্কে ব্রিফিং প্রদান করা হবে। যার ফলে বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারটি প্রবাসী কর্মীদের একত্রিত হওয়ার এবং পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের জন্য একটি উপযুক্ত স্থান হবে যা দেশে এই প্রথম।

২.০ লক্ষ্য ও উদ্দেশ্য:

২.১ লক্ষ্য

- ❖ বিদেশগামী ও বিদেশ ফেরত কর্মীদের নিরাপদ সাময়িক অবস্থান।

২.২ উদ্দেশ্য

- ❖ প্রবাসী কর্মীদের বিনামূল্যে আবাসন ও সাশ্রয়ী মূল্যে খাবারের ব্যবস্থাকরণ;
- ❖ বিদেশ প্রত্যাগত কর্মীদের রিইন্টিগ্রেশনের (পুনঃএকত্রীকরণ) আওতায় আনা;
- ❖ প্রবাসী কর্মীদের কাউন্সিলিং, মোটিভেশন, ওরিয়েন্টেশন এবং ব্রিফিং প্রদান।

২.০ অর্গানাইজেশন স্ট্রাকচার:

বঙ্গাবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারের জনবল (১৩ জনের) কাঠামো নিম্নরূপ:

সহকারী পরিচালক	১
উপ-সহকারী পরিচালক	২
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১
নার্স	২
জেনারেটর ও পাম্প চালক	১
প্লাম্বার	১
অফিস সহায়ক	১
কেয়ারটেকার	১
রিসিপশনিস্ট	১
ড্রাইভার	১
ইলেকট্রিশিয়ান	১

বিঃদ্রঃ সেন্টারের যাবতীয় কার্যক্রম সংক্রান্ত মাসিক ও বাৎসরিক প্রতিবেদন বোর্ডের মহাপরিচালক বরাবর দাখিল করতে হবে।

৪.০ অনুসরণীয় পদ্ধতি/নিয়মাবলী:

- ❖ বিদেশগামী ও বিদেশ ফেরত কর্মীগণ ১০০/-(একশত) টাকা ফি প্রদান করে সরাসরি/অনলাইনে আবেদন করতে পারবেন;
- ❖ ০১ (এক) জন কর্মী ০১টি সীটের জন্য আবেদন করতে পারবেন;
- ❖ প্রতি রাতের জন্য ২০০/- (দুইশত) টাকা ফি প্রদান করে সীট বরাদ্দ নিতে পারবেন;
- ❖ প্রতিবার সর্বোচ্চ ০২ রাত অবস্থান করতে পারবেন;
- ❖ সীট বরাদ্দ বাতিলের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষকে ০৮ ঘন্টা পূর্বে অবহিত করতে হবে;
- ❖ সীট বরাদ্দের নির্ধারিত সময়ে উপস্থিত না হলে আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল করা হবে। এক্ষেত্রে বরাদ্দের জন্য প্রদানকৃত অর্থ ফেরত দেয়া হবেনা;

SOP BWEC

❖ সেন্টারে অবস্থানের ক্ষেত্রে পাসপোর্ট ও এয়ার টিকেট কপি, বহির্গমন ছাড়পত্র/মেম্বারশীপ সনদসহ সংশ্লিষ্ট কাগজ-পত্রাদি থাকতে হবে।

❖ ভিআইপি রুম প্রতি রাতের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করে সীট বরাদ্দ নিতে পারবেন;

৫.০ কনফারেন্স রুম:

❖ ছোট কনফারেন্স রুম প্রতি ০৮ ঘন্টার জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে বরাদ্দ নিতে পারবেন;

❖ বড় কনফারেন্স রুম প্রতি ০৮ ঘন্টার জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা ফি প্রদান করে বরাদ্দ নিতে পারবেন;

৬.০ তদারকি:

❖ সেন্টারে প্রবেশের সময় বিদেশগামী ও বিদেশ ফেরত কর্মীদের প্রয়োজনীয় কাগজ-পত্রাদি যাচাই করা;

❖ সিসি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং ও নিরাপত্তার ব্যবস্থা;

❖ শৃঙ্খলা ভঙ্গ অথবা অসদাচরনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া;

❖ সেন্টার ত্যাগের সময় কর্মীর যাবতীয় জিনিসপত্র প্রাপ্তিসাপেক্ষে ফ্রন্ট ডেস্ক হতে NOC প্রদান করা:

❖ সেন্টারের যাবতীয় সেবা কার্যক্রম সম্পর্কে কর্মীদের ব্যবহার নির্দেশিকা সম্পর্কিত লিফলেট প্রদান করা-
এক্ষেত্রে দু'ধরনের নির্দেশিকা থাকবে।
যথা: (ক) কর্মীকে প্রদেয় সেন্টারের সেবাসমূহ;
(খ) সেন্টারে অবস্থানকালে কর্মীর অনুসরণীয় দায়িত্বাবলী;

(ক) কর্মীকে প্রদেয় সেন্টারের সেবাসমূহ:

১) আগত কর্মীকে সাদরে অভ্যর্থনা;
২) সেন্টারে অবস্থানের নিয়ম-কানুন সম্পর্কে অবগত করা;
৩) ভর্তি সংক্রান্ত কার্যাদিতে সহযোগিতাপূর্বক তাঁর কক্ষে নিয়ে যাওয়া;
৪) কর্মীর লাগেজসহ (মূল্যবান) মালামাল কেন্দ্রীয় লকারে সংরক্ষণ করা;
৫) কক্ষ প্রতি সাবান, শ্যাম্পু, টিস্যু পেপার, হ্যান্ড ওয়াশ, টুথপেস্ট, টুথ ব্রাশ (জনপ্রতি), টাওয়েল (জনপ্রতি), চিরুনি (জনপ্রতি) সরবরাহ করা।

(খ) সেন্টারে অবস্থানকালে কর্মীর অনুসরণীয় দায়িত্বাবলী:

১) নির্দেশিকা অনুযায়ী কক্ষে ব্যবহারযোগ্য জিনিসপত্র ব্যবহার করবেন (লাইট-ফ্যান ব্যবহার শেষে বন্ধ রাখা, পানির অপচয় না করা, জিনিস পত্র সচেতনভাবে ব্যবহার করা);
২) ব্যবহার্য জিনিসপত্র নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে;
৩) প্রেসক্রিপশন ব্যতিত কোনো ঔষধ নিজের কাছে রাখা যাবে না;
৪) যেকোনো সমস্যায় দায়িত্বরত স্টাফকে অবহিত করা;
৫) ময়লা-আবর্জনা নির্ধারিত স্থানে (ডাস্টবিন) ফেলা;
৬) নির্ধারিত স্থানে স্যান্ডেল/জুতা রাখা;
৭) থুথু ও পানের পিক যত্রতত্র না ফেলা;
৮) সেন্টারের অভ্যন্তরে ধুমপান না করা;
৯) সেন্টার ত্যাগ করার সময় লকারের চাবি দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে বুঝিয়ে দিয়ে NOC গ্রহণ করতে হবে।

৭.০ ভেরিফিকেশন, স্ক্যানিং এবং লকার ব্যবস্থা:

❖ কর্মীর বহির্গমন ছাড়পত্র/মেম্বারশীপের সঠিকতার বিষয়ে যাচাই করা;

❖ কর্মীর সাথে আনা মালামালসমূহের স্ক্যানিংয়ের ব্যবস্থা করা;

❖ প্রবাসী কর্মীর লাগেজসহ মূল্যবান মালামাল নির্দিষ্ট লকারে সংরক্ষণের ব্যবস্থা করা।

৮.০ রক্ষণাবেক্ষণ:

❖ সেন্টারের যাবতীয় মালামাল রক্ষণাবেক্ষণের ব্যবস্থা;

❖ সেন্টারের সার্বিক নিরাপত্তা সিসি ক্যামেরার আওতায় আনা;

❖ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা;

❖ পানির ফিল্টারের রক্ষণাবেক্ষণ;

❖ গাড়ি পার্কিংয়ের ব্যবস্থা;

❖ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে ব্যবহৃত জেনারেটরের রক্ষণাবেক্ষণ;

❖ পরিকল্পিত এবং সুবিন্যস্ত গার্ডেন রক্ষণাবেক্ষণ;

SOP BWEC

- ❖ ইন্টারনেট সচল রাখার ব্যবস্থা;
- ❖ টেলিফোন সচল রাখার ব্যবস্থা;
- ❖ পুরুষ ও নারী কর্মীর পৃথক ওয়াশরুম পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা;
- ❖ ওযুখানাসহ নামাজের ঘর পরিষ্কার রাখার ব্যবস্থা ;
- ❖ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা ;
- ❖ বিনোদনের জন্য বিনোদন কক্ষের ব্যবস্থা;
- ❖ কাপড় (বেডশীট, বালিশের কভার, তোয়ালে, কম্বল, পর্দা) পরিষ্কার করার ব্যবস্থা;
- ❖ আগুন নির্বাপণ (fire extinguisher) এর ব্যবস্থা;
- ❖ ঘোষণা/মাইকিংয়ের (central announcement) ব্যবস্থা;
- ❖ প্রতি কক্ষের নম্বর সংযোজনের ব্যবস্থা;
- ❖ ধূমপানের জন্য পৃথক স্থান (Smoking zone) সংরক্ষণ করা;
- ❖ ক্যান্টিনের নামকরণের ব্যবস্থা।
- ❖ ওয়েজ আর্নার্স সেন্টারের সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যবস্থা।

৯.০ যাতায়াত:

বিদেশগামী কর্মীদের জন্য:

বিদেশগামী কর্মীর চাহিদার প্রেক্ষিতে ফ্লাইট সিডিউল অনুযায়ী সেন্টার হতে বিনামূল্যে বিমানবন্দরে পৌঁছানোর ব্যবস্থা;

ফেরত প্রবাসী কর্মীদের জন্য:

ক) প্রবাসী কল্যাণ ডেস্কে কর্মীর চাহিদার প্রেক্ষিতে বিনামূল্যে বিমানবন্দর হতে ওয়েজ আর্নার্স সেন্টারে পৌঁছানোর ব্যবস্থা;

খ) কর্মী ইচ্ছা করলে নিজ খরচে বিমানবন্দর হতে ওয়েজ আর্নার্স সেন্টারে আসতে পারবেন।

১০.০ আবাসন ব্যবস্থা:

- ❖ নির্ধারিত আবেদন ফরম পূরণ এবং ফি প্রদানপূর্বক সীট বরাদ্দ;
- ❖ পুরুষ ও নারী কর্মীর জন্য (৪০+০৯) মোট ৪৯টি সীট বরাদ্দ;
- ❖ একজন সর্বোচ্চ ০২ রাত পর্যন্ত থাকতে পারবেন;
- ❖ প্রতি কক্ষে ইন্টারকম থাকবে;
- ❖ প্রতি কক্ষে ০১টি ড্রেসিং টেবিল, লাইট ও ০১টি বিন বক্সের ব্যবস্থা থাকবে;
- ❖ প্রতি সীটের বিপরীতে ফ্যান, ০২ ড্রয়ারবিশিষ্ট লকার, বেড, সুপেয় পানির ব্যবস্থা থাকবে;
- ❖ বেডশীট, বালিশ, ব্ল্যাংকেট, পাপোস ও স্যান্ডেলের ব্যবস্থা থাকবে;
- ❖ জরুরি প্রয়োজনে ইমার্জেন্সী সুইচ ব্যবহারের ব্যবস্থা থাকবে।

১১.০ প্রাথমিক চিকিৎসা সেবা/প্রাইমারি মেডিকেল সাপোর্ট:

- ❖ প্রাথমিক চিকিৎসার (First Aid) ব্যবস্থা থাকবে;
- ❖ ০২ জন নার্স (পুরুষ ও মহিলা) এর তত্ত্বাবধানে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হবে;
- ❖ সেন্টারে অবস্থানকালীন কর্মী অসুস্থ হলে তাঁকে নিজস্ব অ্যাম্বুলেন্সের মাধ্যমে হাসপাতালে প্রেরণের ব্যবস্থা থাকবে।

১২.০ খাবার ও পানির ব্যবস্থা:

- ❖ .... ক্যান্টিনে সকাল, দুপুর ও রাতে সাশ্রয়ী মূল্য খাবারের ব্যবস্থা থাকবে;
- ❖ সুপেয় পানির ব্যবস্থা থাকবে।

১৩.০ নামাযের স্থান:

- ❖ পুরুষ ও মহিলার জন্য পৃথক নামাজের ব্যবস্থা থাকবে।

১৪.০ ইন্টারনেট সুবিধা:

- ❖ ইন্টারনেট ব্যবহারের সুবিধা থাকবে।

১৫.০ টেলিফোনের ব্যবস্থা:

- ❖ টেলিফোনের ব্যবস্থা থাকবে।

১৬.০ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ:

- ❖ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য জেনারেটরের ব্যবস্থা থাকবে।

SOP BWEC

১৭.০ **বিনোদন:**

- ❖ বিনোদন কক্ষে টিভি, পত্রিকা, ম্যাগাজিনের ব্যবস্থা থাকবে;
- ❖ মন্ত্রণালয়, বিএমইটি, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ব্যাংক এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের (WEWB) সেবা কার্যক্রম সম্পর্কিত লিফলেট, পুস্তিকা, বুকলেট ইত্যাদি থাকবে;
- ❖ মন্ত্রণালয় ও বিভিন্ন সংস্থা/দপ্তরের ওভিসি, টিভিসি প্রদর্শনের ব্যবস্থা থাকবে।

১৮.০ ব্রিফিং সেন্টার:

প্রবাসী কর্মীদের দু'ভাগে ব্রিফিং প্রদান করা হবে।

(ক) বিদেশগামী কর্মীদের জন্য:

(খ) বিদেশ ফেরত কর্মীদের জন্য :

(ক) বিদেশগামী কর্মীদের জন্য:

- ❖ বিদেশগামী কর্মীদের দেশে ও বিদেশের বিমানবন্দরের আনুষ্ঠানিকতা ও গন্তব্য দেশের নিয়মকানুন সম্পর্কে প্রাক-বহির্গমন ব্রিফিং;
- ❖ কর্মীদের বোর্ড প্রদত্ত সেবাসমূহ সম্পর্কে অবহিতকরণ;
- ❖ কর্মীদের নিজস্ব মোবাইলে কমীদের করণীয় সম্পর্কিত (ওভিসি, টিভিসি, বোর্ডের ফেসবুক, ইউটিউব পেজ, সংশ্লিষ্ট দূতাবাসের নম্বর, প্রবাস বন্ধু কল সেন্টারের নম্বরসহ অন্যান্য) তথ্যাদি ইনস্টলকরণ।

(খ) বিদেশ ফেরত কর্মীদের জন্য :

- ❖ প্রবাস ফেরত কর্মীদের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে রিইন্টিগ্রেশন (পুনঃএকত্রীকরণ), কাউন্সিলিং ও মোটিভেশনের ব্যবস্থা;
- ❖ মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থার সেবা কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ।

১৯.০ **NOC (নো অবজেকশন সার্টিফিকেট):**

- ❖ দায়িত্বরত কর্মকর্তার NOC প্রদর্শন সাপেক্ষে কর্মী সেন্টার ত্যাগ করতে পারবেন।

২০.০ **মতামত/অভিযোগ:**

- ❖ সেন্টারে অবস্থানরত কর্মীদের মতামত/অভিযোগ লিপিবদ্ধ করার ব্যবস্থা থাকবে।

মনোরম পরিবেশে স্থাপিত "বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার" বিদেশগামী ও বিদেশ ফেরত কর্মীদের সাশ্রয়ী খরচে সাময়িক অবস্থানের জন্য আকর্ষনীয় কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা লাভ করবে। এ সেন্টার (Recovery and Advancement of Informal Sector Employment) RAISE ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ জেলার অফিস হিসেবে ব্যবহৃত হবে।

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিঃ সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

SOP BWEC